

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬৭১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - আযানের ফ্যীলত ও মুয়ায্যিনের উত্তর দান

আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا يُرَدُّ الدُّعَاءُ بَيْنَ الْأَذَانِ وَالْإِقَامَة» . رَوَاهُ أَبُو دَاوُد وَالتِّرْمِذِيّ

বাংলা

৬৭১-[১৮] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আযান ও ইকামাত(ইকামত/একামত)ের মধ্যবর্তী সময়ের দু'আ আল্লাহ তা'আলার দরবার হতে ফেরত দেয়া হয় না। (আবূ দাউদ ও তিরমিযী)[1]

ফুটনোট

[1] সহীহ লিগয়রিহী : আবূ দাউদ ৫২১, তিরমিয়ী ২১২, সহীহ আত্ তারগীব ২৬৫, আহমাদ ৩/১৫৫ ও ২২৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আযান ও ইকামাতের মধ্যবর্তী সময়ের দু'আ ফিরিয়ে দেয়া হয় না। অর্থাৎ- তা আল্লাহ তা'আলা কবূল করে নেন। তাই এ সময়ে সকলের দু'আ করা উচিত। আর এ ব্যাপারে সহীহ ইবনু হিব্বান-এর হাদীস রয়েছে। যাতে বলা হয়েছে যে, আযান ও ইকামাতের মধ্যবর্তী সময়টা দু'আ কবূলের সময়। আর এখানে দু'আ বলতে যে কোন দু'আর কথা বলা হয়েছে। অন্য হাদীসে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন যে, ঐ দু'আ ফিরিয়ে দেয়া হয় না, যা আযান ও ইকামাতের মধ্যবর্তী সময়ে করা হয়ে থাকে। তখন সহাবায়ি কিরামগণ বললেন, আমরা কোন্ দু'আ করবো? রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমরা আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা কর। আর দুনিয়া ও আখিরাতের সুখ-শান্তি প্রার্থনা কর।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id=} 55228$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন